

## 💵 মানহাজ (আল-আজবিবাতুল মুফীদাহ)

বিভাগ/অধ্যায়ঃ নিত্য নতুন মানহাজ সম্পর্কিত বিভিন্ন প্রশ্নের উপকারী জবাব রচয়িতা/সঙ্কলকঃ শাইখ ড. ছলিহ ইবনে ফাওযান আল ফাওযান

প্রশ্ন-১০৭ : বর্তমান যামানার এসব দলের ব্যাপারে একজন যুবকের ভূমিকা কী, যারা তাকে দলে ভিড়াতে চায়?

উত্তর : আল্লাহ তা'আলা এবং তার রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাদেরকে জানিয়ে দিয়েছেন যে, আহলুস সুন্নাহ ওয়াল জামাত বিরোধী বিভিন্ন ফিরকা গঠিত হবে। আল্লাহ তা'আলা এবং তার রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এও বর্ণনা করেছেন যে, এসকল ফিরকার সাথে আমরা কিরূপ আচরণ করব? আল্লাহ তা'আলা বলেন.

শেষ জামানায় আগমনকারী একদল লোক প্রসঙ্গে তিনি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, তারা হবে জাহান্নামের দরজার দাঈ বা আহবায়ক, যারা তাদের আনুগত্য করবে তারাও সে জাহান্নামে প্রবিষ্ট হবে। যুবক ও অন্যদের উপর ওয়াজিব হলো, তারা আহলে সুন্নাত ওয়াল জামাত বিরোধী সকল জামাত ও ফেরকাকে অস্বীকার করবে। যারা এসকল জামাতের প্রতি দাওয়াত দেয় তাদের থেকে তারা সতর্ক থাকবে। যেমনভাবে রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাদের ব্যপারে সতর্ক করেছেন এবং আহলে সুন্নাতের জামাতকে আঁকড়ে ধরতে বলেছেন। আর তা একটি মাত্র দল। যা রাস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ও ছাহাবীদের মানহাজের উপর প্রতিষ্ঠিত। এ হাদীছটির মাধ্যমে প্রমাণিত যে, নিশ্চয়ই আমার পরে তোমরা অনেক মতানৈক্য দেখতে পাবে। সেসময় তোমাদের উপর আমার সুন্নাত ও খুলাফায়ে রাশিদীনের সুন্নাত আঁকড়ে থাকা আবশ্যক। মতানৈক্যের সময়ে তার সুন্নাত, খুলাফায়ে রাশিদীনের সুন্নাত এবং জামা'আতুল মুসলিমীন ও ইমামুল মুসলিমীনকে আঁকড়ে ধরতে নির্দেশ প্রদান করেছেন।

[1]. শায়খ (রহ.) আনুল্লাহ ইবনু আববাস (রা.) থেকে বর্ণিত হাদীছের প্রতি ইঙ্গিত করেছেন। এ হাদীছটি সহীহ। তিনি বলেন,

خط رسول الله \_ صلى الله عليه وسلم \_ خطًّا بيده، ثم قال : (( هذا سبيل الله مستقيمًا )) ، قال : ثم خط



عن يمينه وشماله، ثم قال: (( هذه السُّبل، ليس منها سبيل إلاّ عليه شيطان يدعو إليه )) ، ثم قرأ : { وَأَنَّ هَذَا صِرَاطِي مُسْتَقِيماً فَاتَّبِعُوهُ وَلا تَتَّبِعُوا السُّبُلَ } .

রসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাদের জন্য একটি রেখা টানলেন, এরপর বললেন, এটা আল্লাহর পথ। বর্ণনাকারী বলেন, এরপর এর ডানে ও বামে আরো অনেকগুলো রেখা টানলেন। এরপর বললেন, এ সকল পথ; এর প্রত্যেক পথেই একজন করে শয়তান বসে আছে- যে ঐ পথে আহবান করে। এরপর তিনি এই আয়াত তিলাওয়াত করলেন,

وَأَنَّ هَذَا صِرَاطِي مُسْتَقِيماً فَاتَّبِعُوهُ وَلا تَتَّبِعُوا السُّبُلَ

এটা আমার পথ তোমরা এর অনুসরণ করো, আর তোমরা পথসমূহের অনুসরণ করো না। আহমাদ ০১/৪৬৫

Source — https://www.hadithbd.com/books/link/?id=13181

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন